

আজি ওই আকাশ-'পরে সুধায় ভরে আষাঢ়-মেঘের ফাঁক ।

হৃদয়-মাবে মধুর বাজে কী উৎসবের শাঁখ ॥

একি হাসির বাঁশির তান, একি চোখের জলের গান—

পাই নে দিশে কে জানি সে দিল আমায় ডাক ॥

আমায় নিরুদ্দেশের পানে কেমন করে টানে এমন করুণ গানে ।

ওই পথের পারের আলো আমার লাগল চোখে ভালো,

গগনপারে দেখি তারে সুদূর নির্বাক্ ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra, Raag: Bhairavi

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail